আসন্ন নির্বাচনে ফিরল ‘না’ ভোটের বিধান, অনিয়মে বাতিল হতে পারে পুরো আসনের ভোট



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ‘না’ ভোটের বিধান ফিরিয়ে আনা হয়েছে। কোনো আসনে একজন প্রার্থী থাকলেও তাকে ‘না’ ভোটের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। যদি ‘না’ ভোটের সংখ্যা বেশি হয়, তবে সেই আসনে পুনঃনির্বাচন অনুষ্ঠিত হবে।

সোমবার (১১ আগস্ট) রাজধানীর আগারগাঁও নির্বাচন ভবনে কমিশনের সভা শেষে এসব তথ্য জানান নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ।

তিনি বলেন, ভোটে অনিয়ম হলে নির্বাচন কমিশন চাইলে একটি-দুটি কেন্দ্রের বদলে পুরো আসনের ভোটও বাতিল করতে পারবে। ফল ঘোষণার সময় গণমাধ্যমকর্মীদের উপস্থিত থাকার সুযোগও রাখা হবে।

ইসি সানাউল্লাহ জানান, নিবন্ধনের জন্য আবেদন করা ২২টি নতুন রাজনৈতিক দল প্রাথমিক যাচাই-বাছাইয়ে উত্তীর্ণ হয়েছে। মাঠপর্যায়ে যাচাই শেষে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। এছাড়া ইভিএম-সংক্রান্ত সব বিধানও বিলুপ্ত করা হয়েছে।

উল্লেখ্য, ২০০৮ সালের নবম জাতীয় সংসদ নির্বাচনে প্রথমবারের মতো দেশে ‘না’ ভোটের বিধান চালু হয়েছিল। সে সময় গণপ্রতিনিধিত্ব আদেশের ধারা ৩১(৫)(বিবি)-তে এ বিধান অন্তর্ভুক্ত করা হয়। ব্যালট পেপারের সর্বশেষ প্রার্থীর স্থানে লেখা থাকত ‘ওপরের কাউকে নয়’ এবং ভোটারদের বোঝার সুবিধার্থে ‘ক্রস’ চিহ্ন ব্যবহার করা হতো।